দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 14 JUN 1989
পৃষ্ঠা 4 কলাম

015

## শহীদ আহসান হাবীব উচ্চ বিদ্যালয় স্থানান্তর প্রসঙ্গে

সিরাজগঞ্জ জেলার অন্তর্গত মছড়া ইউনিয়নের থাড়ুয়া-জয়কৃষ্ণ পাড়া গ্রামে স্থাপিত প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন শহীদ আহসান হাবীব উচ্চ বিদ্যালয়টি স্বাধীনতা পর থেকেই শিক্ষার আলো বিস্তার করে আসছে। প্রতি বছর এই স্কুলটি প্রাইমারী ও জুনিয়র বৃত্তি পরীক্ষায় সাফল্য অর্জন করে একদিকে যেমন শিক্ষার মানোন্নয়নে শক্তিশালী ভূমিকা রাখছে, অন্যদিকে একজন শহীদ বীর মুক্তিযোদ্ধা কমাণ্ডারের নামও অক্ষুন্ন রাখছে। কিন্তু বড়ই পরিতাপের বিষয়, গত বছরের ভয়াবহ বন্যা এবং যমুনা নদীর করাল গ্রাসে উক্ত গ্রাম দুটিসহ এলাকাটি নদীগর্ভে বিলীন হয়ে গেছে। তাই স্কুলটি অস্থায়ীভাবে অযত্নে ওয়াপদা বাঁধের ওপর রাখা হয়েছে। এমতাবস্থায় ম্যানেজিং কমিটি স্কুলটি পার্শ্ববর্তী এলাকা শিমলা দুধার পাড়া ও পারশিমলার মাঝে ত্রিমুখী রাস্তার সংযোগস্থলে একটি উপযুক্ত স্থান নির্ধারণ করে স্থানান্তরের সিদ্ধান্ত নেয়। এতে স্কুলটির পশ্চাদভূমি অনেক প্রসারিত হবে এবং শহীদ মুক্তিযোদ্ধার নাম চির অক্ষুন্ন থাকবে। কিন্তু কিছু স্বার্থান্বেষী মহল ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করার জন্য তাদের (ম্যানেজিং কমিটি) সিদ্ধান্তের বিরুদ্ধে সশস্ত্র বাধা প্রদান করার হুমকি দিচ্ছে।

অতএব সংশ্লিষ্ট সরকারী কর্তৃপক্ষ ও সিরাজগঞ্জ মুক্তিযোদ্ধা কমাণ্ড কাউন্সিল সুষ্ঠু তদন্তের মাধ্যমে স্কুলটি উক্ত স্থানে স্থানান্তর করে সুশিক্ষার আলো বিস্তারে এবং শহীদ বীর মুক্তিযোদ্ধার নাম চির অক্ষুন্ন রাখবেন বলে আশা করছি।

হাফিজুর রহমান
গ্রাম-শিমলা, পোঃ-ভাটপিয়ারী,
সিরাজগঞ্জ।